

# বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি)

জিরানী, সাভার, ঢাকা।

## ভর্তি বিজ্ঞপ্তি-২০২০

বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানে (বিকেএসপি) ক্রীড়া মেধা সম্পন্ন খেলোয়াড়দের সাধারণ শিক্ষাসহ ক্রীড়াক্ষেত্রে দীর্ঘ মেয়াদী বিজ্ঞানভিত্তিক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক মানের খেলোয়াড় সৃষ্টির উদ্দেশ্যে ২০২০ সালের জন্য প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে। এ উদ্দেশ্যে নিম্নবর্ণিত দিনে নির্ধারিত স্থানসমূহে প্রাথমিক নির্বাচন পরীক্ষা গ্রহণ করা হবে। ভর্তি ফরম অনলাইনে পূরণ করতে হবে।

### প্রাথমিক নির্বাচনের সময়সূচি

| বিভাগ ভিত্তিক তারিখ, বার ও পরীক্ষা কেন্দ্রসমূহ | খেলার নাম | বয়স | ন্যূনতম উচ্চতা | | ভর্তির শ্রেণি | বিভাগ ভিত্তিক তারিখ, বার ও পরীক্ষা কেন্দ্রসমূহ |
|---|---|---|---|---|---|---|
| | | | ছেলে | মেয়ে | | |
| ▣ **রংপুর বিভাগ**<br>০৩-০৪ জানুয়ারি ২০২০<br>(শুক্র ও শনিবার)<br>**পরীক্ষা কেন্দ্র–**<br>বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বাঁশেরহাট, দিনাজপুর।<br>মোবাইল: ০১৭০৯৩৩০১০৫ (অফিস চলাকালীন)<br>▣ **সিলেট বিভাগ**<br>০৭-০৮ জানুয়ারি ২০২০ (মঙ্গল ও বুধবার)<br>**পরীক্ষা কেন্দ্র–**<br>বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কল্লগ্রাম, বাইপাস, খাদিমনগর, সিলেট।<br>মোবাইল: ০১৭০৯৩৩০১১৬ (অফিস চলাকালীন)<br>▣ **চট্টগ্রাম বিভাগ**<br>১১-১২ জানুয়ারি ২০২০<br>(শনি ও রবিবার)<br>**পরীক্ষা কেন্দ্র–**<br>বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সাগরিকারোড, চট্টগ্রাম<br>মোবাইল: ০১৭০৯৩৩০১১৪<br>(অফিস চলাকালীন) | ক্রিকেট | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ১´´ | ৪´ - ১০´´ | ৭ম | ▣ **বরিশাল বিভাগ**<br>১৫-১৬ জানুয়ারি ২০২০<br>(বুধ ও বৃহস্পতিবার)<br>**পরীক্ষা কেন্দ্র–**<br>বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, গরিয়ারপাড়, বরিশাল<br>মোবাইল: ০১৭০৯৩৩০১১২ (অফিস চলাকালীন)<br>▣ **খুলনা বিভাগ**<br>১৮-১৯ জানুয়ারি ২০২০<br>(শনি ও রবিবার)<br>**পরীক্ষা কেন্দ্র–**<br>বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, আপিলগেট খুলনা।<br>মোবাইল: ০১৭০৯৩৩০১০৮ (অফিস চলাকালীন)<br>▣ **ঢাকা, রাজশাহী ও ময়মনসিংহ বিভাগ**<br>২৪-২৫ জানুয়ারি ২০২০<br>(শুক্র ও শনিবার)<br>**পরীক্ষা কেন্দ্র–**<br>বিকেএসপি<br>জিরানী, সাভার ঢাকা<br>মোবাইল: ০১৭০৯৩৩০০৭০<br>(অফিস চলাকালীন) |
| | ফুটবল | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ১´´ | ৪´ - ১০´´ | ৬ষ্ঠ-৭ম | |
| | এ্যাথলেটিক্স | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ১´´ | ৪´ - ১০´´ | ৬ষ্ঠ-৭ম | |
| | আর্চারি | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ০´´ | ৪´ - ১০´´ | ৬ষ্ঠ-৭ম | |
| | সাঁতার | অনূর্ধ্ব-১০ | ৪´ - ৮´´ | ৪´ - ৭´´ | ৪র্থ-৫ম | |
| | কারাতে | অনূর্ধ্ব-১৩ | ৫´ - ০´´ | - | ৬ষ্ঠ-৭ম | |
| | বক্সিং | অনূর্ধ্ব-১২ | ৪´ - ৮´´ | - | ৫ম | |
| | জুডো | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ০´´ | ৪´ - ৯´´ | ৬ষ্ঠ-৭ম | |
| | উশু | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ০´´ | - | ৬ষ্ঠ-৭ম | |
| | জিমন্যাস্টিক্স | অনূর্ধ্ব-০৯ | ৪´ - ৮´´ | ৪´ - ৭´´ | ৪র্থ- ৫ম | |
| | বাস্কেটবল | অনূর্ধ্ব-১৬ | ৫´ - ১০´´ | - | ৮ম-৯ম | |
| | টেনিস | অনূর্ধ্ব-১০ | ৪´ - ৮´´ | ৪´ - ৭´´ | ৫ম-৬ষ্ঠ | |
| | হকি | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ১´´ | - | ৬ষ্ঠ-৭ম | |
| | ভলিবল | অনূর্ধ্ব-১৬ | ৫´ - ১০´´ | - | ৮ম-৯ম | |
| | তায়কোয়ানডো | অনূর্ধ্ব-১৩ | ৫´ - ০´´ | - | ৬ষ্ঠ-৭ম | |
| | শ্যুটিং | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ১´´ | ৪´ - ১০´´ | ৬ষ্ঠ-৭ম | |
| | টেবিল টেনিস | অনূর্ধ্ব-১৪ | ৫´ - ০´´ | - | ৫ম-৬ষ্ঠ | |

**নির্বাচন পদ্ধতি:**

* সকল ভর্তিচ্ছু প্রশিক্ষণার্থীদেরকে আগামী ০২ জানুয়ারির মধ্যে নিম্নের প্রক্রিয়ায় অনলাইনে ফরম পূরণ করতে হবে। ০২ জানুয়ারি ২৩০০ ঘটিকা পর্যন্ত অনলাইনে ভর্তি নিবন্ধন সচল থাকবে।

www.bksp.gov.bd ⇨ লগইন ⇨ ছাত্র/ছাত্রী ⇨ online Registration ⇨ General ⇨ ফরম পূরণ ⇨ Submit

● **প্রাথমিক নির্বাচন:**

১. প্রাথমিক নির্বাচনের দিন প্রশিক্ষণার্থীকে অনলাইনে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরমের প্রিন্ট কপি ও পরীক্ষা ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা উত্তরা ব্যাংক লি. বিকেএসপি শাখা, হিসাবের নাম মহাপরিচালক বিকেএসপি, সঞ্চয়ী হিসাব নম্বর ৭৩৩ এ নগদ জমা/যেকোন ব্যাংক হতে ডিডি/পে-অর্ডার জমা দিয়ে জমা স্লিপ অনলাইন রেজিস্ট্রেশনের সময় আপলোড করতে হবে। জমা স্লিপ ফরমের সাথে সংযুক্ত করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
২. নির্বাচনী প্রক্রিয়ায় প্রাথমিক ডাক্তারি ও শারীরিক যোগ্যতার পরীক্ষা গ্রহণ করা হবে।
৩. প্রাথমিক নির্বাচনের দিন স্ব-স্ব খেলা/বিভাগ অনুযায়ী ব্যবহারিক পরীক্ষা নেয়া হবে। এ জন্য সবাইকে স্ব স্ব খেলা অনুযায়ী ক্রীড়া সরঞ্জামাদি ও পোশাক সাথে আনতে হবে।
৪. প্রাথমিক নির্বাচনের ফলাফল ৩০ জানুয়ারি,২০২০ বিকেএসপির ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
৫. একজন প্রার্থী পৃথক পৃথক নিবন্ধন নম্বর দিয়ে একাধিক ক্রীড়া বিভাগে পরীক্ষা দিতে পারবে।
৬. উল্লিখিত দিনসমূহে পরীক্ষা সকাল ৯ ঘটিকা থেকে বিকেল ৪ ঘটিকা পর্যন্ত চলবে।

● **চূড়ান্ত নির্বাচন:**

১. প্রাথমিকভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নিয়ে দুই পর্বে ০৭(সাত) দিনের প্রশিক্ষণ ক্যাম্প আয়োজন করা হবে, যা এসএমএস এর মাধ্যমে জানানো হবে। ১ম পর্বে (০২-০৮ ফেব্রুয়ারি) ক্রিকেট, বক্সিং, জুডো, উশু, জিমন্যাস্টিক্স, আর্চারি, এ্যাথলেটিক্স ও টেনিস এবং ২য় পর্বে (০৯-১৫ ফেব্রুয়ারি) ফুটবল, হকি, বাস্কেটবল, শ্যুটিং, টেবিল টেনিস, তায়কোয়ানডো, কারাতে. সাঁতার ও ভলিবলের ক্যাম্প অনুষ্ঠিত হবে। নির্বাচিত প্রশিক্ষণার্থীদেরকে ১ম পর্বের জন্য ০২ ফেব্রুয়ারি, ২০২০ এবং ২য় পর্বের জন্য ০৯ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে বিকাল ০৫ ঘটিকার মধ্যে বিকেএসপি, সাভার, ঢাকা কার্যালয়ে উপস্থিত হতে হবে।
২. প্রশিক্ষণ ক্যাম্পে স্ব-স্ব ক্রীড়া বিভাগের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে।
৩. সর্বশেষ অধ্যয়নরত শ্রেণির সিলেবাস অনুযায়ী স্ব-স্ব শ্রেণির লিখিত পরীক্ষা (বাংলা, ইংরেজি ও গণিত) গ্রহণ করা হবে।
৪. ক্রীড়া বিজ্ঞান সংক্রান্ত ব্যবহারিক ও চূড়ান্ত ডাক্তারী পরীক্ষা গ্রহণ করা হবে।
৫. প্রশিক্ষণার্থীকে ক্যাম্পে যোগদানের দিনে ০২(দুই) কপি রঙ্গিন ছবি (পাসপোর্ট সাইজ), জন্ম নিবন্ধন, পিইসি, জেএসসি/জেডিসি ও নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি আনতে হবে। প্রয়োজনীয় তথ্যাদী ও সনদ অসত্য প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে।
৬. ২০২০ সালের ২০ ফেব্রুয়ারি তারিখে চূড়ান্ত ফলাফল বিকেএসপি'র ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

**বি. দ্র.**

**১. ক্রিকেটে পেস বোলার এর জন্য বয়স শিথিলযোগ্য।**
**২. এ্যাথলেটিক্সে প্রতিভাবান খেলোয়াড়দের ৯ম শ্রেণি পর্যন্ত ভর্তির সুযোগ থাকবে।**
**৩. আর্চারিতে মেয়েদের জন্য ৮ম শ্রেণি পর্যন্ত শিথিলযোগ্য।**
**৪. বিশেষ কারণে ভর্তি কার্যক্রমের তারিখ ও সময় পরিবর্তনের ক্ষমতা বিকেএসপি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

**বিকেএসপিতে যোগ্যতার ভিত্তিতে প্রশিক্ষণার্থী ভর্তি করা হয়। ভর্তি সংক্রান্ত যেকোনো বিষয়ে অবৈধ আর্থিক লেনদেন শাস্তিযোগ্য অপরাধ।**

**যোগাযোগের জন্য: (সকাল ০৯টা থেকে বিকাল ০৫টা )**
৭৭৮৯২১৫-৬, ০১৭০৯৩৩০০৭০
E-mail: bksp1983@yahoo.com
Web: www.bksp.gov.bd

**ব্রিগেডিয়ার জেনারেল**
**মো. রাশীদুল হাসান,** এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি
মহাপরিচালক, বিকেএসপি।

